

খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জনে কৃষিবিজ্ঞানীদের গুরুত্বপূর্ণ অবদান রয়েছে- শিক্ষামন্ত্রী

ঢাকা, ২২ এপ্রিল ২০১৮

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, কৃষিবিজ্ঞানী ও গবেষকদের উদ্ভাবনের ফলে বাংলাদেশ খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন করেছে। কৃষি গবেষকদের নতুন নতুন জাত আবিষ্কার, সরকারের সময়োপযোগী উদ্যোগ, কৃষিখাতে প্রণোদনা ও প্রশিক্ষণ এবং কৃষকদের প্রশিক্ষণের ফলেই বাংলাদেশ আজ খাদ্যে স্বয়ংসম্পূর্ণ।

শিক্ষামন্ত্রী গতকাল ঢাকায় শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় অডিটোরিয়ামে বিশ্ববিদ্যালয়ের এলামনাই এসোসিয়েশনের নবনির্বাচিত কার্যনির্বাহী কমিটির অভিষেক ও পূর্ণিমিলনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় একথা বলেন।

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়কে দেশের প্রাচীনতম কৃষি শিক্ষা প্রতিষ্ঠান উল্লেখ করে শিক্ষামন্ত্রী বলেন, কৃষি কলেজ হিসেবে এর যাত্রা শুরু হলেও এটি বর্তমানে একটি বৃহৎ ও সফল শিক্ষা প্রতিষ্ঠান। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০০১ সালে এ প্রতিষ্ঠানকে বিশ্ববিদ্যালয়ে রূপান্তর করেন। বর্তমানে এখানে ৩ হাজারের বেশি শিক্ষার্থী পড়াশুনা করছে। এদের ৪৭ ভাগ ছাত্রী। তিনি বলেন, বর্তমানে এ বিশ্ববিদ্যালয়ের উন্নয়নে ও অবকাঠামো নির্মাণে ৩৫২ কোটি ৬৮ লাখ টাকার প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে।

শিক্ষামন্ত্রী আরো বলেন, এ বিশ্ববিদ্যালয়ের মান ধরে রাখার জন্য গবেষণায় আরো জোর দিতে হবে। কৃষিবিদদের নতুন নতুন গবেষণার মাধ্যমে উন্নত মান ও পুষ্টির শস্য, ফল ও সবজি উদ্ভাবন করতে হবে। সবচেয়ে মেধাবীদের এ বিশ্ববিদ্যালয়ে ধরে রাখতে হবে।

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. কামাল উদ্দিন আহাম্মদের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে আরো বক্তব্য রাখেন সংসদ সদস্য কৃষিবিদ আ ফ ম বাহাউদ্দিন নাছিম, এলামনাই এসোসিয়েশনের সাধারণ সম্পাদক কৃষিবিদ মেজবাহ উদ্দিন, সাবেক উপাচার্য প্রফেসর সাদাত উল্লাহ, এলামনাই মাহমুদ হোসেন, আখতারুজ্জামান খান ও খায়রুল আলম এবং এসোসিয়েশনের সাবেক সাধারণ সম্পাদক এ এম এম সালেহ।

অনুষ্ঠানে এলামনাই এসোসিয়েশনের নতুন কমিটির সদস্যদের বরণ করে নেয়া হয়।

মোহাম্মদ আফরাজুর রহমান

সিনিয়র তথ্য অফিসার

শিক্ষা মন্ত্রণালয়

মোবাইল: ০১৯১১-০০৭৫৩৯